২০১৯

# বাংলা

(প্রোগ্রাম)

(আবশ্যিক) AECC(MIL)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGP-AECC(MIL)

( নতুন কোর্স )

**SET-I**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) জীবন যাত্রার পক্ষে দু'টি আবশ্যিক শক্তি কি বলে রবীন্দ্রনাথ ঠাকুর মনে করেছেন? তা কেন আবশ্যিক?

খ) "আমার মতে এটা এক প্রকার জুলুম"—প্রাবন্ধিক কোন্‌টাকে জুলুম বলে মনে করেছেন?

গ) বিষয়বস্তুধর্মী প্রতিবেদন কাকে বলে?

ঘ) 'Haipolloi' ও 'Grievance'-এর বাংলা পরিভাষা লেখো।

ঙ) 'খোকাবাবুর প্রত্যাবর্তন' গল্পের পরিচ্ছেদ সংখ্যা কয়টি?

চ) রংলাল কী কিনতে হাটে গিয়েছিল?

*[পরের পাতায়]*

ছ) "ওরে আজ কী গান গেয়েছে পাখি"—পরের লাইনটি লেখো।

জ) শিকল বাঁধা পা নয়, তা আসলে কী?

২। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) "একটি ছেলেকে পঙ্গু করে রাখলে ভারত উদ্ধার হবে না"—তাৎপর্য বিশ্লেষণ করো।

খ) পরিভাষা লেখো (যে-কোনো **পাঁচটি**) :

Inflation, Assess, Zoic, Sponsor, Voucher, Tender, Fable, Back Log

গ) খোকাবাবু কী করে নদীতীরে হারিয়ে যায় তার বর্ণনা দাও।

ঘ) 'শিকল-পরার গান'—কবিতাটি আসলে 'শিকল ভাঙার গান'—এই মন্তব্যটির বর্ণনা সংক্ষিপ্ত ভাবে লেখো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) "আমাদের শিক্ষার সহিত আমাদের জীবনের তেমন নিবিড় মিলন হইবার কোন স্বাভাবিক সম্ভাবনা নেই"—রবীন্দ্রনাথ ঠাকুরের এরকম মন্তব্যের কারণ কী?

খ) পরীক্ষার রিভিউ সংক্রান্ত বিষয়ে অধ্যক্ষের কাছে একটি পত্র রচনা করো।

গ) জলে ক্রমাগত আর্সেনিক বৃদ্ধি পাচ্ছে এই বিষয় নিয়ে সংবাদ পত্রে প্রকাশিত উপযুক্ত শিরোনামসহ একটি প্রতিবেদন রচনা করো।

ঘ) 'কালাপাহাড়' গল্পে কালাপাহাড়ের শেষ পরিণতি পাঠক হৃদয়ে করুণার উদ্রেক ঘটায়—গল্পটি আলোচনা করে এই মতের সত্যতা নির্ণয় করো।

---